# ALL INDIA RADIO, SILCHAR

*************

**EVENING NEWS BULLETIN**

**BENGALI/ বাংলা**

**24 MARCH 2024**

**7:45-7:55 PM IST**

---

১) আসন্ন লোকসভা নির্বাচনের প্রচার অভিযানের অংশ হিসেবে চিরাংগে মিত্রদলের নেতা কর্মীদের সংগে দলীয় নেতা তথা মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার মত বিনিময় ।
রাজ্যের অন্যান্য স্থানেও প্রচার অভিযান অব্যাহত ।
২) লোকসভা নির্বাচনে জনসাধারণের অংশ গ্রহণ সর্বাত্মক করে তোলার লক্ষে জেলা প্রশানগুলির বিশেষ কার্যসূচী ।
৩) বিশ্ব যক্ষ্মা দিবসের সংগে সংগতি রেখে রাজ্যের বিভিন্ন প্রান্তে সচেতনতা কার্যসূচী ।
এবং
৪) বরাক উপত্যকার তিনজেলায় ও আজ থেকে দুদিনব্যাপী পরম্পরাগত রীতি নীতি অনুযায়ী দোল মহোৎসব পালন ।

---

লোকসভা নির্বাচনের দিন ঘোষনার পর ই রাজনৈতিক দলগুলি নির্বাচনী প্রচার অভিযান ক্রমশ জোরদার করে তুলেছে । এদিকে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ চিরাং জেলার ঢালিগ্রামের বঙাইগাও শোধনাগার প্রেক্ষাগৃহে বিজেপি , অগপ ও ইউ পি পি এল এর নেতা কর্মীদের সংগে বৈঠকে অংশ গ্রহণ করেন ।কোকরাঝার লোকসভা আসনের অর্ন্তগত বিজেপির জেলা সমিতি , মন্ডল , বিভিন্ন মোর্চাসমূহের সভাপতি সম্পাদকরা এই বৈঠকে অংশ গ্রহণ করেন ।মুখ্যমন্ত্রী দলীয় কর্মীদের আসন্ন লোকসভা নির্বাচনের জন্য প্রস্তুত হোয়া সহ সর্বাধিক ভোটে কোকরাঝার আসনের মিত্রজোটের প্রার্থি জয়ন্ত বসুমাতারিকে জয়ী করতে আহ্বান জানান ।এই বৈঠকের পর মন্ত্রী রঞ্জিত কুমার দাস । অশোক সিংহল , উর্খাও গৌরা ব্রক্ষ্ম , বিটিআরের মুখ্য কার্যবাহী সদস্য প্রমোদ বড়ো মিত্রদলের সংগে অন্য আরেকটি বৈঠকে অংশ নেন ।বৈঠকে লোকসভা নির্বাচনের কাজকর্ম সম্পর্কে বিজেপির মিত্রদলের কার্যকর্তাদের সংগে আলোচনা করা হয় ।অগপর কোকরাঝার ও বিজনী জেলা সমিতি নেতৃত্ব বৈঠকে অংশ গ্রহণ করে ।

ডিব্রুগড় লোকসভা আসনের অর্ন্তগত প্রতিটি বিধানসভা কেন্দ্রের দলীয় সদস্যরা সাংগঠনিক সভা অনুষ্ঠিত করার পর ঐ আসনের প্রার্থী সর্বানন্দ সনোয়াল গতকাল পৃথক স্থানে অনুষ্ঠিত চারটি নির্বাচনী সভায় অংশ গ্রহণ করে ভোটদাতাদের সংগে মত বিনিময় করেন ।

এদিকে রাজ্যের অন্যান্য স্থানের সংগে বরাক উপত্যকার তিনজেলায় ও ও নির্বাচনী প্রচার অভিযান অব্যাহত রয়েছে । বিভিন্ন রাজনৈতিক দলের নেতা কর্মীরা নিজ নিজ দলীয় প্রার্থীর সমর্থনে প্রচার অভিযান চালিয়ে যাচ্ছেন ।

---

নির্বাচন কমিশন লোকসভা নির্বাচন সর্বাত্মক করে তোলার লক্ষে ৮৫ বছরের উর্দ্ধ প্রবীন নাগরিক ও দিব্যাংগ লোকেদের নিজ বাসগৃহ থেকে ভোটদান করার সুবিধা প্রদান করবে । কমিশন লোকসভা নির্বাচনে ভোটারের অংশ গ্রহণ বৃদ্ধির লক্ষে গ্রহণ করা পদক্ষেপের অংশ হিসেবে নির্বাচনী কর্তব্যে নিয়োজিত কর্মীরা ৮৫ বছরের উর্দ্ধ প্রবীন নাগরিক ও ৪০ শতাংশ থেকে ও অধিক প্রতিবন্ধী ভোটারের ঘরে ঘরে গিয়ে ভোট গ্রহণের ব্যবস্থা করবে ।এই ব্যবস্থার অধীনে একজন ভিডিওগ্রাফারের সংগে দুজন ভোটগ্রহণকারী আধিকারিক যোগ্য ভোটারের সংগে সাক্ষাৎ করে ভোটারের বাসগৃহে ভোটদান প্রক্রিয়া রেকর্ড করবে ।এছাড়া এই দুই শ্রেণীর ভোটার যদি নিজেই ভোটকেন্দ্রে ভোটদান করতে চান তাহলে তাদেরকে রেম্প , অপেক্ষার স্থান , হুইল চেয়ার , শৌচাগার ইত্যাদির বিশেষ সুবিধা প্রদান করা হবে ।নির্বাচনের দিন প্রতিটি ভোটকেন্দ্রে প্রতিবন্ধী ভোটার ও প্রবীন নাগরিক ভোটারদের জন্য উপযুক্ত পরিবহনের সুবিধা করে দিতে কমিশন নির্বাচনী আধিকারিকদের নির্দেশ দিয়েছে । এই শ্রেনীর ভোটাররা সক্ষম - ই- সি আই এ্যাপে পঞ্জীয়ন করে হুই ল চেয়ারের সুবিধা লাভের জন্য অনুরোধ জানাতে পারবে ।উল্লেখ্য নির্বাচন কমিশন এবার বিশেষভাবে সক্ষম ভোটারদের প্রয়োজন সম্পর্কে ভোটগ্রহণকারী কর্মীদের সংবেদনশীল করে তুলতে অধিক গুরুত্ব আরোপ করছে ।সেই অনুযায়ী বাকশক্তি ও শ্রবণশক্তির দূর্বলতা থাকা ভোটারদের জন্য বিশেষ সুবিধা প্রদানের ব্যবস্থা করা হবে ।ভোটকেন্দ্রগুলিতে দৃষ্টিহীন ব্যাক্তিরা নির্বাচন পরিচালনা অধিনিয়ম ১৯৬১ র নিয়ম অনুযায়ী নিজের হয়ে ভোট দিতে একজন সংগীকে সংগে নিয়ে আসতে পারবে ।এছাড়া যেহেতু ভোটকেন্দ্রগুলিতে ব্রেইল লিপিতে নির্বাচনী কাগজ উপলব্ধ হবে সেজন্য দৃষ্টিহীন ব্যাক্তিরা ব্যালট ব্যবহার করতে পারবে ও সংগী থেকে কোনো ধরণের সহায়তা না নিয়েই ই ভিএমের বেলট ইউনিটে ব্রেইল সুবিধা ব্যবহার করে ভোটদান করতে পারবে ।

---

আসন্ন লোকসভা নির্বাচন সুষ্ঠুভাবে অনুষ্ঠিত করতে রাজ্যের জেলা প্রশাসনগুলি যাবতীয় ব্যবস্থা গ্রহণ করেছে । মরিগাও , শোণিতপুর , শিবসাগর ইত্যাদি জেলা সহ হাইলাকান্দি জেলায় ও নির্বাচন সম্পর্কে সচেতনতা সৃষ্টি করা সহ ভোটদানের হার বৃদ্ধি করার লক্ষে বিশেষ সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।এছাড়া পদ্ধতিগত ভোটার শিক্ষণ তথা সচেতনতা অনুষ্ঠানের আয়োজন করা হয় । পদ্ধতিগত ভোটার শিক্ষণ তথা সচেতনতা কার্যসূচীর অধীনে শ্রী কৃষ্ণ সারদা মহাবিদ্যালয়ে এই কার্যসূচী অনুষ্ঠিত হয় । অনুষ্ঠানে বাগান অঞ্চলের ভোটার তথা নব প্রজন্মের ভোটারদের ভোটদানের প্রোয়জনীয়তা সম্পর্কে অবগত করা হয় ।এছাড়া ভোটদানের সুবিধার্থে নির্বাচন কমিশনের গ্রহণ করা ব্যবস্থার বিষয়ে আলোচনা করে তাদেরকে অবগত করানো হয় ।

---

কাছাড়ের জেলা নির্বাচনী আধিকারীক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে শিলচর সংরক্ষিত লোকসভা আসনের সাতটি বিধানসভা কেন্দ্রের সেক্টর অফিসার , বি এল ও , সুপারভাইজার এবং বুথ লেভেল অফিসারদের বিভিন্ন বিভাগের অনুপস্থিত ভোটারদের সংখ্যা ১২ ডি ফর্মে পূরন করে আগামী পয়লা এপ্রিলের মধ্যে শিলচর সদর রাজস্ব চক্র আধিকারীকের কার্য্যলয়ের পি বি পি-ই টি বি পি সেলে জমা দিতে বলা হয়েছে।

---

শিলচর লোকসভা আসনের নির্বাচন সুষ্টভাবে পরিচালনার জন্য যে স্ক্রীনিং কমিটি গঠন করা হয়েছে , সেই কমিটির সদস্যরা হচ্ছেন কাছাড়ের জেলা আয়ুক্ত রোহন কুমার ঝা এবং পুলিশ সুপার নোমাল মাহাতো । এই কমিটি নির্বাচন কমিশনের প্যারা এফ-এ থাকা নির্দেশাবলী অনুসারে সমস্ত অস্ত্র লাইসেন্সধারীদের একটি বিশদ , সতন্ত্র পর্য্যালোচনা এবং মূল্যায়ন করবে ।

---

করিমগঞ্জ জেলায় আসন্ন লোকসভা নির্বাচনে ভোট গ্রহনের কাজে নিয়োজিত ভোট কর্মীদের প্রশিক্ষন আগামী ২৮ ও ৩০শে মার্চ জেলার ১০টি স্থানে অনুষ্ঠিত হবে । জেলার পোষ্টাল ব্যালট পেপার সেলের দায়িত্ব প্রাপ্ত অতিরিক্ত আয়ুক্ত জানিয়েছেন যে ১০টি প্রশিক্ষন কেন্দ্রে পোষ্টাল ব্যালট ফেসিলিটেশন কেন্দ্র কার্য্যকর থাকবে । পোষ্টাল ব্যালট ফেসিলিটেশন কেন্দ্রগুলিতে পোষ্টাল ব্যালট পেপারের জন্য ফর্ম ১২ বিতরন ও সংগ্রহ করা হবে বলে জানানো হয়েছে ।

---

করিমগঞ্জ জেলায় লোকসভা নির্বাচন সুষ্টভাবে সম্পন্ন করতে এবং জেলায় যুব ভোটারদের ভোটদানের হার বৃদ্ধি করতে আজ সাংস্কৃতিক সংস্থা বিশ্ববাণীর পরিচালনায় উত্তর করিমগঞ্জ বিধানসভা কেন্দ্রের আয়লাবাড়ী , ফকিরা বাজার , পনেরোঘর এবং সাদারাশিতে সচেতনতা মূলক পথ নাটিকা অনুষ্ঠিত হয়েছে ।

---

আজ আসাম রাইফেলসের ১৮৯ তম প্রতিষ্ঠা দিবস ।১৮৩৫ সাল থেকে দেশের সেবা তথা উত্তরপূর্বে শান্তি প্রতিষ্ঠার জন্য আসাম রাইফেলস নিরলস কাজ করে যাচ্ছে ।স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ এক ট্যুইট বার্তায় আসাম রাইফেলসের জওয়ান এবং তাদের পরিবারের সদস্যদের শুভেচ্ছা জানিয়েছেন ।এক শূভেচ্ছা বার্তায় তিনি উত্তরপূর্বাঞ্চলের আভ্যন্তরীণ নিরাপত্তা সুনিশ্চিত করার ক্ষেত্রে আসাম রাইফেলসের অবদানের প্রশংশা করেন । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা এই দিবস উপলক্ষে আসাম রাইফেলসের জওয়ানদের শুভেচ্ছা জানান ।এক শুভেচ্ছা বার্তায় তিনি বলেন যে উত্তরপূর্বাঞ্চলে শান্তি প্রতিষ্ঠার ক্ষেত্রে আসাম রাইফেলস গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে এবং মানুষের প্রয়োজনে তাদের পাশে দাঁড়িয়েছে ।

---

আজ বিশ্ব যক্ষা দিবস । রাজ্যের বিভিন্ন প্রান্তে আজ এই দিবস উপলক্ষে নানা কার্যসূচী গ্রহণ করা হয় । কেন্দ্রীয় সরকারের ২০২৫ সালের মধ্যে দেশ থেকে যক্ষা রোগ নির্মূল করার লক্ষ্যে রূপায়ন করা জাতীয় যক্ষা দূরীকরণ প্রকল্পের অধীনে গোয়ালপারা জেলায় সচেতনতামূলক কার্যসূচী গ্রহণ করা হয় ।উল্লেখ্য গোয়ালপারা জেলার ৮১ টি গ্রামপঞ্চায়েতের মধ্যে ১৫ টি গ্রামপঞ্চায়েতকে যক্ষামুক্ত গ্রামপঞ্চায়েত হিসেবে ঘোষণা করা হয়েছে ।বিশ্ব যক্ষা দিবসের কার্যসূচীতে এই ১৫ টি গ্রামপঞ্চায়েতকে পুরস্কৃত করা হয়েছে ।বরাক উপত্যাকায় ও আজ এই দিবস উপলক্ষে বিভিন্ন সচেতনতামূলক কার্যসূচী গ্রহণ করা হয়েছে ।

---

করিমগঞ্জ সিভিল হাসপাতালের যক্ষা কেন্দ্রের উদ্যোগে আজ বিশ্ব যক্ষা দিবস পালন করা হয়েছে । জেলার যুগ্ম স্বাস্থ্য সঞ্চালক ডক্টর সুমনা নাইডিং-এর পৌরহিত্যে আয়োজিত সভায় যক্ষা রোগের নিয়মিত পরীক্ষা , প্রতিরোধ এবং চিকিৎসা মেনে চলার পদ্ধতি নিয়ে ডক্টর লিপি দেব , ডক্টর বি কে সরকার ,ডক্টর জিয়াউল করিম প্রমূখ আলোচনা করেছেন ।

---

কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রনালয় সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের চিকিৎসালয়গুলোতে গ্রীষ্মকালে যাতে আগুনেঙর সূত্রপাত না ঘটে তারজন্য তৎকালীন ব্যবস্থা গ্রহণ করার নির্দেশ দিয়েছে ।সব রাজ্য ও কেন্দ্র শাসিত অঞ্চলের মুখ্য সচিবকে লেখা এক পত্রে স্বাস্থ্য সচিব অপূর্ব চন্দ্র বলেন যে গ্রীষ্মকালে উষ্ণতা বৃদ্ধি পাওয়ার সঙ্গে সঙ্গে হাসপাতাল গুলোতে আগুন লাগার ঘটনা বৃদ্ধি পাওয়া পরিলক্ষিত হয়েছে ।স্বাস্থ্য মন্ত্রনালয় রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলসমুহের স্বাস্থ্য বিভাগ ও রাজ্য দূর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে অধিক সহযোগিতার সঙ্গে কাজ করে যাবার নির্দেশ দেয় । চিকিৎসালয়গুলোতে অগ্নিনির্বাপক সামগ্রীগুলো নিয়মিতভাবে নিরিক্ষণ করা বাধ্যতামূলক বলে পত্রে উল্লেখ করা হয়েছে ।

---

রাজ্যের বিভিন্ন প্রান্তে পরম্পরাগত আচার অনুষ্ঠান ও উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে দোল উৎসব পালিত হচ্ছে ।দোল পূর্ণীমা উপলক্ষে রাজ্যের বিভিন্ন মন্দির , আখরা , সত্র ইত্যাদিতে শ্রীকৃষ্ণের দোল উৎসব পালিত হচ্ছে ।বরপেটা সত্রে আজ থেকে তিনদিন ব্যাপী দোল উৎসবের আয়োজন করা হয়েছে । কামরূপ জেলার দোল গোবিন্দ মন্দিরে আজ থেকে ৫ দিন ব্যাপী দোল মহোৎসব পালন করা হচ্ছে ।এদিকে আগামীকাল রঙের উৎসব হোলি উপলক্ষে রাজ্যের জনসাধারণের মধ্যে উৎসাহ ও উদ্দীপনা পরিলক্ষিত হচ্ছে ।
বরাক উপত্যাকার তিন জেলায়ও দোল উৎসব উপলক্ষে আজ থেকে বিভিন্ন মন্দির আখড়া ইত্যাদিতে পূজার্চনা , কীর্ত্তন ইত্যাদির আয়োজন করা হয়েছে ।আগামীকাল হোলি উপলক্ষে দোকানীরা নানা রঙের আবির , পিচকারী ইত্যাদির পসরা সাজিয়ে বসেছেন ।এছাড়া বিভিন্ন সাংস্কৃতিক সংগঠনের উদ্যোগে বসন্ত উৎসবের ও আয়োজন করা হয়েছে । রাষ্ট্রপতি দ্রৌপদী মুরমু ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রঙের উৎসব হোলি উপলক্ষে জনসাধারণকে শুভেচ্ছা জানিয়েছেন

---

শিলচর কাছাড় কলেজের ইতিহাস বিভাগের প্রাক্তন অধ্যাপিকা তথা শিক্ষাবিদ ডক্টর অর্চনা চক্রবর্তী আজ শিলচরে নিজ বাসভবনে শেষ নি:শ্বাস ত্যাগ করেছেন । ডক্টর চক্রবর্তী দীর্ঘদিন থেকে বার্ধক্য জনিত রোগে ভুগছিলেন । মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭৮ ।

তিনি দীর্ঘদিন শিলচর সারদা সংঘ (মায়ের বাড়ী) এর সভানেত্রী হিসেবে দায়িত্ব পালন করেছেন।

---

---